দৈনিক বাংলা

তারিখ 04 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

### ঢাকায় সরকারী স্কুলে ১০ জানুয়ারী থেকে ভর্তি পরীক্ষা

# ভর্তি সমস্যা সমাধানে দেশের বিভিন্ন স্কুলে ডবল শিফট চালু

রাজধানী ঢাকাসহ দেশের বিভাগীয় এবং পুরাতন জেলা শহরগুলোতে মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে ছাত্র–ছাত্রী ভর্তি সমস্যা নিরসনকল্পে সরকার কতিপয় ব্যবস্থা গ্রহণ করেছে। এ সকল ব্যবস্থার মধ্যে রয়েছে ঃ

অধিক সংখ্যক ছাত্র–ছাত্রী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগর এলাকাসহ প্রয়োজন অনুসারে বিভাগীয় ও জেলা পর্যায়ের শহরগুলোতে বেশ কিছু সংখ্যক সরকারী বিদ্যালয়ে 'ডবল শিফট' চালু করা হয়েছে। এছাড়া অধিকাংশ বিদ্যালয়ে অধিক সংখ্যক ছাত্র–ছাত্রী ভর্তির জন্য বিভিন্ন শ্রেণীতে শাখা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

ভর্তিচ্ছু ছাত্র–ছাত্রীগণ যাতে বিভিন্ন বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারে সে জন্য ঢাকা মহানগরী এলাকার বিদ্যালয়গুলোকে কয়েকটি গ্রুপে ভাগ করে প্রতি গ্রুপে ভিন্ন ভিন্ন তারিখে ভর্তি পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। ঢাকা মহানগরীর বেসরকারী বিদ্যালয়গুলোতে অধিক সংখ্যক ছাত্র–ছাত্রী ভর্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজন অনুসারে বিভিন্ন শ্রেণীতে অতিরিক্ত শাখা খোলার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঢাকা মহানগরীর সরকারী বিদ্যালয়গুলোতে নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০ জানুয়ারী, সোমবার ঃ সরকারী বিজ্ঞান কলেজ, তেজগাঁও, তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, শেরেবাংলানগর সরকারী উচ্চ বালক বিদ্যালয়, বাংলাবাজার সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় এবং শেরেবাংলানগর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়।

১১ জানুয়ারী, মঙ্গলবার ঃ ঢাকা গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়, ধানমন্ডি সরকারী উচ্চ বালক বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, মতিঝিল সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, কামরুন্নেছা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, তেজগাঁও সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় এবং ধানমন্ডি সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়।

১২ জানুয়ারী, বুধবার ঃ নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, কামরুন্নেছা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, ধানমন্ডি এবং নিউ গভঃ গার্লস হাই স্কুল।